



বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট  
সেবা ও সরবরাহ উইং  
গাজীপুর-১৭০১

কৃষিই সমৃদ্ধি

PABX: 02-49270041-8  
Phone: 02-49270002  
02-49270015  
Email : dir.ss@bari.gov.bd  
Web : www.bari.gov.bd

স্মারক নং- ১২.২১.০০০০.০০৪.০৫.০০২.২৩. ৩৪০(৩)

তারিখঃ ১৬-১১-২০২৩ খ্রি.

**বিষয়ঃ ২০২৩-২৪ অর্থ বছরে সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা কার্যক্রম ২.১ অনুযায়ী অত্র ইনস্টিটিউটের আওতাধীন বিভিন্ন কেন্দ্র/উপকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাদের সমন্বয়ে ২য় প্রান্তিকের (অক্টোবর-ডিসেম্বর/২০২৩খ্রি.) ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

**সভাপতি** : ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (সেবা ও সরবরাহ), বারি, গাজীপুর।  
**তারিখ ও সময়** : ১৩/১১/২০২৩ খ্রি.; সকাল ১১.০০ ঘটিকায়  
**স্থান** : জুমপ্ল্যাটফর্ম  
**উপস্থিতি** : পরিশিষ্ট "ক"

২০২৩-২৪ অর্থ বছরে সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা কার্যক্রম ২.১ অনুযায়ী বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর আওতাধীন-(বারি) বিভিন্ন কেন্দ্র/উপকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাদের সমন্বয়ে ২য় প্রান্তিকের (অক্টোবর-ডিসেম্বর/২০২৩খ্রি.) ত্রৈমাসিক সভা গত ১৩/১১/২০২৩ খ্রি. তারিখে জুমপ্ল্যাটফর্মে অনুষ্ঠিত হয়।

সভার শুরুতে সভাপতি মহোদয় জুমপ্ল্যাটফর্মে সংযুক্ত বারি'র বিভিন্ন কেন্দ্র/উপকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জুমপ্ল্যাটফর্মে সংযুক্ত বিভিন্ন কেন্দ্র/উপকেন্দ্রের ফোকাল পয়েন্ট কর্মকর্তাদেরকে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে বিভিন্ন সমস্যা এবং গুরুত্বপূর্ণ দিক নিয়ে পরামর্শ ও মতামত প্রদান করেন। এছাড়াও নির্দিষ্ট সময়ের মধ্যে ওয়েবসাইটে তথ্য হালনাগাদসহ প্রতিবেদন প্রেরণের জন্য সভাপতি মহোদয় কেন্দ্র/উপকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দকে নির্দেশনা প্রদান করেন।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব কাজী ছাইদুর রহমান, বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)-এর সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত তথ্য উপাত্ত উপস্থাপন করেন। তিনি বিভিন্ন কেন্দ্র/উপকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দকে তাঁর দপ্তরকে জেলা তথ্য বাতায়নের সাথে সংযোজন, ওয়েবসাইটে তথ্য হালনাগাদকরণ এবং সেবা প্রদান প্রতিশ্রুতির সেবা বন্ধ নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করেন। অতঃপর গত সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন এবং অগ্রগতি নিয়েও সভায় আলোকপাত করা হয়। সভায় উপস্থিত সদস্যগণ সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সিদ্ধান্ত বাস্তবায়নে একমত পোষণ করেন।

**বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:**

- (১) মন্ত্রণালয়ের নির্দেশ অনুসারে অত্র ইনস্টিটিউটের আওতাধীন বিভিন্ন কেন্দ্র/উপকেন্দ্রকে জেলা তথ্য বাতায়নের সাথে দ্রুত সংযুক্তকরণ।
- (২) বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট প্রধান কার্যালয়ের ন্যায় বিভিন্ন কেন্দ্র/উপকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে ওয়েবসাইট সেবা প্রদান প্রতিশ্রুতির সেবা বন্ধে তথ্য হালনাগাদকরণ।
- (৩) প্রতি কোয়ার্টারের শেষ সপ্তাহে বিভিন্ন কেন্দ্র/উপকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে হালনাগাদকরণ প্রতিবেদন প্রেরণ।
- (৪) বিভিন্ন কেন্দ্র/উপকেন্দ্রের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন এবং অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতকরণ।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


  
১৬/১১/২৩

অশ্বিনী কুমার পাল  
সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)

ও

সদস্য-সচিব

সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি

  
১৬/১১/২০২৩

ড. ফেরদৌসী ইসলাম  
পরিচালক (সেবা ও সরবরাহ)

ও

সভাপতি

সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি